গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪৬/২০১৭-১৮

ঢাকা, রোববার ২৮ জানুয়ারি ২০১৮, ১৫ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা প্রত্যাবাসনে ইন্দোনেশিয়ার সহায়তা চাইলেন রাষ্ট্রপতি

২। মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন হচ্ছে আজ

৩। পদ্মা সেতুর দ্বিতীয় স্প্যান বসানো হতে পারে আজ

৪। নতুন নতুন আউশ ধানের জাত উদ্ভাবন করার জন্য কৃষি বিজ্ঞানীদের প্রতি আহ্বান কৃষিমন্ত্রীর

৫। চলতি বছরের ডিসেম্বরের মধ্যে সব শিল্পকারখানায় বিদ্যুৎ : বাণিজ্যমন্ত্রী

৬। জঙ্গিবাদের সঙ্গে মাদ্রাসার সম্পৃক্ততা নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। শুরু হলো আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব

৮। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় টেকসই উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে : পরিবেশ ও বনমন্ত্রী

৯। বাংলাদেশের বস্ত্রখাতে বিনিয়োগে আগ্রহ উজবেকিস্তানের

১০। বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণা

চলমান পাতা-২

১। রোহিঙ্গা প্রত্যাবাসনে ইন্দোনেশিয়ার সহায়তা চাইলেন রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মর্যাদাসহ তাদের স্বদেশ ভূমি মিয়ানমারের রাখাইনে নিরাপদ ও স্থায়ী প্রত্যাবাসনে ইন্দোনেশিয়া সরকারের অব্যাহত সহযোগিতা কামনা করেছেন। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) বঙ্গভবনে নৈশভোজের প্রাক্কালে রাষ্ট্রপতির সঙ্গে ইন্দোনেশিয়ার সফররত প্রেসিডেন্ট জোকো উইদোদোর সৌজন্য সাক্ষাৎকালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ রোহিঙ্গা সংকটের শান্তিপূর্ণ সমাধানে ইন্দোনেশিয়ার সমর্থন অব্যাহত রাখার আহ্বান জানান। এর আগে বিকেল ৪টা ৩৫ মিনিটে বিশেষ ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জোকো উইদোদো অবতরণ করলে তাঁকে অভ্যর্থনা জানান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও তাঁর স্ত্রী রাশিদা খানম। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন হচ্ছে আজ

কক্সবাজারের মাতারবাড়িতে বিদ্যুৎকেন্দ্র ও গভীর সমুদ্রবন্দরের আনুষ্ঠানিক নির্মাণকাজ আজ (২৮ জানুয়ারি রোববার) শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুপুরে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাতারবাড়িতে এক হাজার ২০০ মেগাওয়াট আলট্রা সুপার ক্রিটিক্যাল কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে জানা গেছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

৩। পদ্মা সেতুর দ্বিতীয় স্প্যান বসানো হতে পারে আজ

পদ্মা সেতুর দ্বিতীয় স্প্যান ৭বি (সুপার স্ট্রাকচার) ৩৮ ও ৩৯ নং পিলারের কাছে নেওয়া হয়েছে। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) স্থাপন প্রক্রিয়া অনেক দূর এগিয়ে আনা হলেও সন্ধ্যা ঘনিয়ে আসায় আলোর স্বল্পতায় স্থাপন করা সম্ভব হয়নি। তবে আজ (২৮ জানুয়ারি রোববার) সকালে এটি খুঁটির ওপর বসিয়ে দেওয়া যাবে বলে প্রকৌশলীরা জানিয়েছেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬)।

৪। নতুন নতুন আউশ ধানের জাত উদ্ভাবন করার জন্য কৃষি বিজ্ঞানীদের প্রতি আহ্বান কৃষিমন্ত্রীর

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বোরো ধান আমাদের নিজস্ব ধান নয়, এ ধান বিদেশ থেকে ধার করে আনা। এক কেজি বোরো ধান উৎপাদন করতে ৩ হাজার ২০০ লিটার পানি লাগে, সেচ দিতে হয়। এভাবে পানির অপব্যবহার করলে পানির স্তর একেবারে নিচে নেমে যাবে। সে কারণে বোরো ধানের পরিবর্তে আউশ ধান চাষে কৃষকদের উৎসাহিত করা এবং নতুন নতুন আউশ ধানের জাত উদ্ভাবন করার জন্য কৃষি বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) রংপুরের জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সব দফতরের রংপুর অঞ্চলের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৮)।

৫। চলতি বছরের ডিসেম্বরের মধ্যে সব শিল্পকারখানায় বিদ্যুৎ : বাণিজ্যমন্ত্রী

২০২১ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হবে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, এ লক্ষ্যকে সামনে রেখে চলতি বছর থেকে আগামী তিন বছর দেশে অনেক বড় বড় প্রকল্পের উন্নয়ন কাজ সম্পন্ন করা হবে। এ সময়ে দেশের শিল্প-কারখানায়ও বৈপ্লবিক পরিবর্তন আসবে। আর এ পরিবর্তনে প্রয়োজনীয় সহায়তা দিতে সরকার চলতি বছরের ডিসেম্বরের মধ্যে দেশের সব শিল্পকারখানায় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পরিকল্পনা হাতে নিয়েছে। সে চাহিদা পূরণে বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর লক্ষ্য নিয়ে কাজ শুরু করেছে সরকার। এর ধারাবাহিকতায় ২০২১ সালে বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ দাঁড়াবে প্রায় ৪০ হাজার

মেগাওয়াট। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) রাজধানী বসুন্ধরা আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে চার দিনব্যাপী মোড়কজাত পণ্যের প্রদর্শনীর সমাপনী ও রপ্তানি ট্রফি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬),

৬। জঙ্গিবাদের সঙ্গে মাদ্রাসার সম্পৃক্ততা নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশের মানুষ ধর্মভীরু, ধর্মান্ধ নয়। যারা প্রকৃত মুসলমান তারা কখনও জঙ্গি হয় না। তারা শান্তির পক্ষে। মাদ্রাসার সঙ্গে জঙ্গিবাদের কোনো সম্পৃক্ততা নেই। মাদ্রাসার ছাত্ররা জঙ্গি নয়। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) সোহরাওয়ার্দী উদ্যানে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন আয়োজিত আলিয়া মাদ্রাসা শিক্ষকদের মহাসমাবেশ উদ্বোধনশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

৭। শুরু হলো আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব

নতুন প্রজন্মকে চলচ্চিত্র দেখানো ও শেখানোর উদ্দেশ্যে 'ফ্রেমে ফ্রেমে আগামী স্বপ্ন' স্লোগানে ঢাকায় শুরু হলো **১১**তম 'আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব-২০১৮'। বিশ্বের ৫৮টি দেশের দুই শতাধিক শিশুতোষ চলচ্চিত্র নিয়ে গতকাল (২৭ জানুয়ারি শনিবার) রাজধানীর কেন্দ্রীয় গণগ্রন্থাগারের শওকত ওসমান মিলনায়তনে শুরু হয়েছে এ চলচ্চিত্র উৎসব। 'চিলড্রেন'স ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর আয়োজনে সপ্তাহব্যাপী এ উৎসবের উদ্বোধন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৮। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় টেকসই উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে : পরিবেশ ও বনমন্ত্রী

পরিবেশ ও বনমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় টেকসই উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। জলবায়ু পরিবর্তনের কারণে আমাদের ক্ষতিগ্রস্ততা বিশ্বের কাছে তুলে ধরার পাশাপাশি নিজেদের চেষ্টায় এর মোকাবিলা করার জন্য কাজ করতে হবে, যা আমরা ইতোমধ্যে শুরু করেছি। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ক্লাইমেট ফাইন্যান্স' শিরোনামে এক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫),

৯। বাংলাদেশের বস্ত্রখাতে বিনিয়োগে আগ্রহ উজবেকিস্তানের

বাংলাদেশের বস্ত্রখাতে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে উজবেকিস্তান। একইসঙ্গে দেশটি তৈরি পোশাক শিল্পের জন্য ফ্যাব্রিক ও এক্সেসরিজ রপ্তানি করতে চায়। ঢাকা সফররত দেশটির একটি উচ্চপর্যায়ের সরকারি ও ব্যবসায়ী প্রতিনিধিদল গতকাল (২৭ জানুয়ারি শনিবার) বিজিএমইএ নেতাদের সঙ্গে বৈঠককালে এ আগ্রহের কথা জানান। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির ফার্স্ট ডেপুটি মিনিস্টার অভ্ ইকোনমি মুবিন মিরাজেভ। এ সময় বাংলাদেশের পোশাকশিল্পের উদ্যোক্তাদেরও উজবেকিস্তানে বিনিয়োগের আহ্বান জানানো হয়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

১০। বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণা

সাহিত্যের বিভিন্ন শাখায় বিশেষ অবদান রাখায় **১২** জনকে **২০১৭** সালের বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার দেওয়া হচ্ছে। গতকাল (২৭ জানুয়ারি শনিবার) ১০ বিভাগে পুরস্কারপ্রাপ্ত **১২** জনের নাম ঘোষণা করেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ফুটপাতে বেআইনিভাবে মোটর সাইকেল চালানোর প্রবণতা বন্ধের পাশাপাশি রাজধানীর যে সকল গুরুত্বপূর্ণ সড়কে ফুটপাত নেই সেখানে জনবান্ধব প্রশস্ত ফুটপাত গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** কৃষিজমিতে আইন লংঘন করে অপরিকল্পিতভাবে গড়ে তোলা ইটভাটা পরিবেশের মারাত্মক দূষণ করছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ, প্রথম আলো, সমকাল, ভোরের কাগজ, ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন :** রাজধানীতে ছিনতাইকারীদের কবলে পড়ে দু'জনের মর্মান্তিক মৃত্যু হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **ডেইলি স্টার :** পুলিশের জন্য আমদানিকৃত ১২টি একুস্টিক হেইলিং ডিভাইসের শব্দ ১৩০ ডেসিবল হওয়ায় এসব যন্ত্রের ব্যবহারে মানুষের বধির হয়ে যাওয়ার আশঙ্কা করে সংশ্লিষ্ট সংস্থাকে এসব যন্ত্রের ব্যবহার পুনর্বিবেচনা করার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** দেশে গড়ে প্রতিদিন ৪৬টি অগ্নি দুর্ঘটনা ঘটার পরিপ্রেক্ষিতে অগ্নি নির্বাপণ ব্যবস্থায় ত্রুটি থাকা সংস্থাগুলোর বিরুদ্ধে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে কার্যকর আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ১৫টি কোম্পানির আমদানিকৃত গুঁড়ো দুধে বেশি মাত্রায় সিসার উপস্থিতিতে উদ্বেগ প্রকাশ করে বাংলাদেশ নিরাপদ খাদ্য অধিদফতরকে জনস্বার্থে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** জীবনযাত্রার মান উন্নত করা ও সামাজিক বৈষম্য দূর করা ছাড়া দেশের বস্তিবাসীর অপুষ্টি সমস্যার সমাধান সম্ভব নয় বলে অভিমত।

জ. **নিউ নেশন :** সরকারিকরণের দাবিতে আন্দোলনরত শিক্ষকদের আসন্ন এসএসসি ও সমমানের পরীক্ষা বর্জনের হুমকিতে উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্ববিদ্যালয়ে জ্ঞান ও যুক্তির শক্তিকে প্রাধান্য দিতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'শুধু নগর নয়, গ্রামের দিকেও নজর দিতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শহরকেন্দ্রিক যতই পরিকল্পিত উন্নয়ন করার চেষ্টা হোক না কেন, গ্রামকে পশ্চাতে রেখে কখনোই একটি সুশৃঙ্খল, দুর্নীতিমুক্ত ও প্রগতিশীল জাতি গড়ে তোলা সম্ভব নয়।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮